

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মন্ত্রণালয়

৪৬.০২০.০০৪.০১.০০.৪১০.২০১৪- ৬৭০

তারিখ : ৩/৬/২০১৮খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৫২৪/২০১৪ এর গত ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নের জন্য কনট্রোলিং পিটিশন নং-৪৮৫/২০১৭ এর গত ৮/৫/২০১৮খ্রিঃ তারিখের আদেশ প্রসঙ্গে।


- সূত্রঃ (১) সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগের গত ১৫/৫/২০১৮খ্রিঃ তারিখে স্মারকিত আদেশ;
(২) আইন-২ শাখার স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৪১০.২০১৪-২৯৪, তারিখ : ২২/৫/২০১৮খ্রিঃ;
(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন-৩ শাখার গত ২৬/৬/২০১৮ তারিখের ১৩৫ সংখ্যক স্মারক।

ঢাকা ওয়াসায় কর্মরত ১২ জন কর্মচারী তাদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ঢাকা ওয়াসা কর্তৃক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০৫২৪/২০১৪নং রিট পিটিশন দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনে গত ২৪/০২/২০১৫ তারিখে সরকারের বিপক্ষে রায় প্রদান করা হয়। উক্ত রায়ের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য রায়ের কপি ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা বরাবরে গত ১০/১১/২০১৫খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়।

২। বর্ণিত রিট পিটিশনের গত ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখের রায় বাস্তবায়ন করা না হলে প্রতিপক্ষগণের বিরুদ্ধে কেন কনট্রোলিং পিটিশিং দায়ের করা হবে না সে মর্মে শোকজ প্রদানপূর্বক ২৬/১২/২০১৭ তারিখের মধ্যে জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী হিসেবে নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে ২নং, অর্থ বিভাগের সচিব মহোদয়কে ৩নং ও ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালককে ৪নং বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে। বর্ণিত কনট্রোলিং পিটিশনের ১নং প্রতিপক্ষ স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের পক্ষে জবাব দাখিলসহ মামলাটি নিষ্পত্তির যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব শফিক মাহমুদ পুস্পকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৩। রিট পিটিশন নং-১০৫২৪/২০১৪ এর গত ২৪/২/২০১৫খ্রিঃ তারিখের রায় অব্যর্থভাবে বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ২৪/৬/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য ৮/৫/২০১৮ তারিখের আদেশের কপি ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা বরাবরে সূত্রোক্ত ২নং স্মারকে প্রেরণ করা হয়। এ বিষয়ে ঢাকা ওয়াসা হতে গৃহীত কার্যক্রম সম্পর্কে অদ্যাবধি কিছু জানা যায়নি। বর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে আইন-২ শাখাকে অনুরোধ করা হয়েছে।

৪। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৫২৪/২০১৪ এর গত ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখের রায় অব্যর্থভাবে বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন আগামী ৮/৭/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের আইন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, যথাসময়ে উক্ত রায় বাস্তবায়ন করা না হলে এ বিষয়ে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তর সফলিষ্টদের উপর বর্তাবে।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন
কারওয়ানবাজার, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা;
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(দৃঃ আঃ উপসচিব, আইন-৩ শাখা);
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা;
- ৫। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৮। জনাব শেখ শফিক মাহমুদ পুস্প, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ;
- ৯। অফিস/মাস্টার কপি।